

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৫২

তারিখ: ৪ মাঘ ১৪২৬

১৮ জানুয়ারি ২০২০

বিষয়: প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ১৮ জানুয়ারি ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ দেশের অভ্যন্তরীণ নদীবন্দরের জন্য কোনো সতর্কবাণী নেই এবং কোনো সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ হিমালয়ের পাদদেশীয় পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে যার বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

পূর্বাভাসঃ রংপুর ও সিলেট বিভাগের দু'এক জায়গায় হালকা/গুঁড়ি গুঁড়ি বৃষ্টির হওয়ার সম্ভবনা রয়েছে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

কুয়াশাঃ শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের কোথাও কোথাও হালকা থেকে মাঝারী কুয়াশা পড়তে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): রাত এবং দিনের তাপমাত্রা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৯.৬	২৭.৬	৩১.০	২৮.৬	২৮.৬	২৬.২	৩০.৬	৩০.৬
সর্বনিম্ন তাপমাত্রা	১২.৮	১৩.০	১২.৫	১১.৩	১২.০	১২.২	১২.২	১৩.০

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল কক্সবাজার ৩১.০°এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা শ্রীমঙ্গল ১১.৩°সেঃ।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ১৬/০১/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৭/০১/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৮টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
---------	-------------	---------------------	--------------	---------------

১।	ঢাকা	৩	০	০
২।	ময়মনসিংহ	৪	০	০
৩।	বরিশাল	৪	২	০
৪।	সিলেট	২	০	০
৫।	রাজশাহী	২	০	০
৬।	রংপুর	৩	০	০
৭।	চট্টগ্রাম	৫	০	০
৮।	খুলনা	৫	০	০
	মোট	২৮	২	০

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

ভোলা: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান, গত ১৬.০১.২০২০ ইং তারিখ রাত ১১.১৫ মিনিটের সময় সাকুচিয়া বাজারের একটি দোকানে গ্যাস সিলিন্ডার লিক করে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ০২ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে ১৭.০১.২০২০ ইং তারিখ রাত ১২.০৫ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে একজন আহত হয়েছেন।

পিরোজপুর: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান, গত ১৭.১২.২০১৯ইং তারিখ দুপুর ০১.১৮ মিনিটের সময় আলমকাঠি এলাকায় একটি বসতবাড়ীতে রান্নার চুলা থেকে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ০২ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে দুপুর ০৩.২৮ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে একজন আহত হয়েছেন।

২। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।



১৮-১-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৫২/১(৬৫)

তারিখ: ৪ মাঘ ১৪২৬

১৮ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক, ত্রাণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) উপপরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

- ৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা



১৮-১-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা